

৩৬ বর্ষ অতিক্রান্ত  
ঝাড়গ্রামের সাপ্তাহিক সংবাদপত্র

# পদ্মাখবর

সাপ্তাহিক পত্রিকা সমাহার • প্রকাশিত হয় শনিবার  
বর্ষ ৩৭ ॥ সংখ্যা ১৮ ॥ ২৭ বৈশাখ ১৪২০ ॥ ১১ মে ২০১৩ ॥ শনিবার

Vol-37 No-18

ঝাড়গ্রাম মহকুমার খবর

## জামবনীর কাপগাড়ীতে হলুদ চাষের কর্মশালা

৮ মে বুধবার ॥ এই দিন দুপুরে জামবনী ব্লকের কাপগাড়ীতে কৃষি বিজ্ঞান কেন্দ্র আয়োজিত হলুদ চাষ বিষয়ে এক কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করে প্রাসঙ্গিক বিষয়ে প্রেরণাদায়ক বক্তব্য রাখেন পশ্চিমাঞ্চল উন্নয়ন মন্ত্রী ডাঃ সুকুমার হাঁসদা । জামবনী, বেলপাহাড়ী, লালগড় এই তিনটি ব্লকের ২১ টি গ্রামের নির্বাচিত ২১০ জন উৎসাহী চাষীকে নিয়ে এই কর্মশালার আয়োজন । সংশ্লিষ্ট এলাকার মাটির উপযোগী এই প্রজাতির হলুদ চাষের বিষয়ে প্রযুক্তি ও পরামর্শ দেন ৩ কৃষি বিজ্ঞানী ডঃ অরবিন্দ মিত্র, ডঃ দীপঙ্কর ঘোষ ও ডঃ অসীম কুমার মাইতি । কর্মশালায় অংশ গ্রহণকারী চাষীদেরকে এই হলুদ বীজও বিনামূল্যে দেওয়া হয় । বলা হয় এই হলুদের ফলন কাঠা প্রতি ১ থেকে দেড় কুইন্ট্যাল পর্যন্ত।